

ওগো কে যায় বাঁশরি বাজায়ে আমার ঘরে কেহ নাই যে
তারে মনে পড়ে যারে চাই যে ॥

তার আকুল পরান, বিরহের গান, বাঁশি বুঝি গেল জানায়ে ।
আমি আমার কথা তারে জানাব কী করে, প্রাণ কাঁদে মোর তাই যে ॥
কুসুমের মালা গাঁথা হল না, ধূলিতে প'ড়ে শুকায় রে ।
নিশি হয় ভোর, রজনীর চাঁদ মলিন মুখ লুকায় রে ।
সারা বিভাবরী কার পূজা করি যৌবনডালা সাজায়ে—
বাঁশিস্বরে হয় প্রাণ নিয়ে যায়, আমি কেন থাকি হয় রে ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Ramkeli

Visit www.geetabitan.com for notation and other detail